বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭।
www.ugc.gov.bd; E-mail: director_publicuniv@ugc.gov.bd

স্মারক নং- ইউজিসি/পাব:বিশ্ব:/বিবিধ/৫২৯ (অংশ-২)/২০১৬/১০১০১ তারিখ: ১১-১২-২০১৯ খ্রি.

বিষয়: পাবলিক বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে নিয়ম-নীতি যথাযথভাবে প্রতিপালন প্রসঙ্গে।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, দেশের কোনো কোনো পাবলিক বিশ্ববিদ্যালয় কমিশনের পূর্বানুমোদন ব্যতীত নতুন বিভাগ, প্রোগ্রাম ও ইনস্টিটিউট খুলে শিক্ষার্থী ভর্তি করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। তাছাড়া শিক্ষক-কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা হচ্ছে- এমনকি পদোন্নতি ও পদোন্নয়নের ক্ষেত্রেও নিয়মের ব্যত্যয় ঘটানো হচ্ছে। সরকারের আর্থিক বিধি লঙ্ঘন করে দেয়া হচ্ছে ভূতাপেক্ষ জ্যেষ্ঠতা (Retrospective Seniority)।

এ কথা সর্বজনবিদিত যে, সভ্যতার অন্যতম বাতিঘর বিশ্ববিদ্যালয়। মানব সভ্যতার অবিরত যাত্রা পথে বিশ্ববিদ্যালয়ের অবদান অতুল্য। জ্ঞান সৃজন ও বিতরণে পৃথিবীর বিভিন্ন দেশের ন্যায় আমাদের দেশের বিশ্ববিদ্যালয়সমূহেরও রয়েছে উজ্জ্বল ঐতিহ্য।

বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক প্রধান হিসেবে উপাচার্য মহোদয়গণ মেধা-জ্ঞান- প্রজ্ঞা দিয়ে তাঁদের ওপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য প্রতিপালন করে যাচ্ছেন। তবুও নানা কারণে কোনো কোনো ক্ষেত্রে নিয়ম-নীতি প্রতিপালনে শিথিলতা দেখা যাচ্ছে- উচ্চশিক্ষা প্রশাসনে সৃষ্টি হচ্ছে বিশৃঙ্খলা, যা কাম্য নয়।

এমতাবস্থায়, নিম্নোক্ত বিষয়গুলো যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল-

- বিশ্ববিদ্যালয়ে নতুন অনুষদ, বিভাগ, প্রোগ্রাম বা ইনস্টিটিউট খোলার ক্ষেত্রে কমিশনের পূর্বানুমোদন গ্রহণ;
- কমিশনের অনুমোদন ব্যতিরেকে নতুন পদ সৃজন বা বিলুপ্ত করা বিধিসম্মত নয়। নতুন পদ সৃজনে কমিশনের পূর্বানুমোদন নেয়া বাঞ্ছনীয়;
- শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী নিয়োগ, পদোন্নতি ও পদোন্নয়নের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের আইন, বিধি-বিধান এবং সরকারের নিয়ম-নীতি প্রতিপালন করা অবশ্য কর্তব্য;
- বিধি বহির্ভূতভাবে 'সেশন বেনিফিট' সুবিধা প্রদান এবং শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণকে নিম্নতর গ্রেড থেকে উচ্চতর গ্রেডে উন্নীত করা বাঞ্ছনীয় নয়;
- সরকারি 'আর্থিক বিধিমালা' অনুযায়ী আর্থিক কার্যক্রম পরিচালনা করা সংশ্লিষ্ট সকলের জন্য প্রতিপালনীয়;
- ক্যাম্পাসে শিক্ষানুকূল শান্তিপূর্ণ পরিবেশ সৃষ্টির লক্ষে সংশ্লিষ্ট সকলের ঐক্যবদ্ধ প্রয়াস অব্যাহত রাখা বাঞ্ছনীয়;
- শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণের নিরাপত্তা বিধানকল্পে ক্লাস রুম হতে শুরু করে হল, অফিস ও ক্যাম্পাসের সর্বত্র নিরাপত্তা সুনিশ্চিতকরণ;
- যৌন হয়রানি, র‍্যাগিং, সন্ত্রাস, মাদক ও জঙ্গিবাদের বিরুদ্ধে শিক্ষক-শিক্ষার্থী হতে শুরু করে সংশ্লিষ্ট সকলের মধ্যে জনসচেতনতামূলক কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন;
- সান্ধ্যকালীন কোর্স পরিচালনা করা পাবলিক বিশ্ববিদ্যালয়ের বৈশিষ্ট্য ও ভাবমূর্তি ক্ষুণ্ন করে বিধায় সান্ধ্যকালীন কোর্স বন্ধ হওয়া বাঞ্ছনীয়;
- নির্দিষ্ট সময়ে শিক্ষা কার্যক্রম শুরু, পরীক্ষা অনুষ্ঠান এবং ফলাফল প্রকাশ;
- তথ্য-প্রযুক্তির গুরুত্ব বিবেচনায় নিয়ে এর যথাযথ ব্যবহার নিশ্চিত করার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে হালনাগাদ তথ্য প্রকাশ;
- একাডেমিক, প্রশাসনিক ও আর্থিক কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ;
- একাডেমিক, প্রশাসনিক ও আর্থিক কার্যক্রমসহ যে কোন বিষয়ে প্রয়োজনে কমিশনের পরামর্শ নেয়া যেতে পারে।

উল্লেখ্য, উচ্চশিক্ষাব্যবস্থায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষে বিশ্ববিদ্যালয়সমূহকে সার্বিক সহযোগিতা প্রদানের পাশাপাশি বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

বিতরণ:

উপাচার্য (সকল পাবলিক বিশ্ববিদ্যালয়)

১১/১২/১

প্রফেসর ড. দিল আফরোজা বেগম
সদস্য
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

স্মারক নং- ইউজিসি/পাব:বিশ্ব:/বিবিধ/৫২৯ (অংশ-২)/২০১৬/১০১০১ তারিখ: ১১-১২-২০১৯ খ্রি.

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় সভাপতি, শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, সংসদ শাখা, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। মাননীয় সভাপতি, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, সংসদ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। মুখ্য-সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
৪। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫। সচিব, মহামান্য রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা;
৬। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা;
৭-৮। নথি/মহানথি।

d:\public university\letter.docx